যুগান্তর

তা: 10 MAY 2017
পৃ: 1 ... 2

একাদশ শ্রেণীতে ভর্তি

# মিনিটে ২১১টি আবেদন

## বিস্তারিত ভর্তি নির্দেশিকা ও নীতিমালা ওয়েবসাইটে

**যুগান্তর রিপোর্ট**

একাদশ শ্রেণীতে ভর্তির আবেদন কার্যক্রম শুরু হয়েছে। মঙ্গলবার দুপুর ২টা থেকে শিক্ষার্থীরা অনলাইন এবং এসএমএসের মাধ্যমে আবেদন করতে পারছে। এদিন বিকাল ৪টা পর্যন্ত প্রথম ২ ঘণ্টায় ২৫ হাজার ৩৪৬টি আবেদন জমা পড়ে। সে হিসাবে প্রতি মিনিটে আবেদন করেছে ২১১ শিক্ষার্থী।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান এ তথ্য নিশ্চিত করে বলেন, ভুয়া আবেদন ঠেকাতে এবারও ভর্তিতে আগে টাকা জমা নেয়া হচ্ছে। টাকা জমা দেয়ার সময় শিক্ষার্থী এসএমএসে যে তথ্য সরবরাহ করে, তার সঙ্গে বোর্ডের বা বুয়েটের সার্ভারে সংরক্ষিত তথ্য যাচাইয়ের পর ফিরতি এসএমএস যায়। এ প্রক্রিয়ায় কিছুটা সময় লাগছে। এ ছাড়া বিড়ম্বনামুক্তভাবে শিক্ষার্থীরা আবেদন করতে পারছে। তিনি আরও বলেন, এবার ভর্তির আগেই বোর্ডে রেজিস্ট্রেশন করার বিধান করা হয়েছে। ১৯ জুনের মধ্যে সব শিক্ষার্থীর

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৪

# মিনিটে ২১১টি আবেদন

(৩য় পৃষ্ঠার পর)

রেজিস্ট্রেশন শেষ করে ২০ জুন কলেজে টাকা জমা ও ভর্তি শুরু হবে।

এ বছর অনলাইনে সর্বনিম্ন ৫টি ও সর্বোচ্চ ১০টি কলেজে আবেদন করা যাচ্ছে। ফি ১৫০ টাকা। এসএমএসে একটি করে কলেজে আবেদন করা যাবে। এসএমএসে একটি আবেদনের ফি ১২০ টাকা। উভয় মাধ্যমে ১০টির বেশি আবেদন করা যাবে না। ২৬ মে রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে। আবেদন গ্রহণ শেষে ২৭-২৯ মে তা যাচাই-বাছাই করা হবে। প্রথম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ করা হবে ৫ জুন। ২য় পর্যায়ের ফল প্রকাশ ১৩ জুন এবং ৩য় পর্যায়ের ফল ১৮ জুন প্রকাশ করা হবে।

**তিন কলেজের আলাদা চল নীতি :** মিশনারি পরিচালিত তিনটি কলেজ এবারও আলাদা ভর্তি কার্যক্রমে যাচ্ছে। এগুলো হল : নটর ডেম কলেজ, সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং হলিক্রস কলেজ। নটর ডেমের ওয়েবসাইটে বলা হয়, আগামী সপ্তাহে কলেজের ওয়েবসাইটে (www.notredamecollege-dhaka.com) এবং দৈনিক সমকাল পত্রিকায় ভর্তির তথ্য প্রকাশ করা হবে। হলিক্রস কলেজ বলেছে, ১৪ মে'র পর সরাসরি যোগাযোগ বা ওয়েবসাইট (www.hccbd.com) থেকে ভর্তির তথ্য জানা যাবে। সেন্ট যোসেফ কলেজের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, এবার বিজ্ঞানে ৪০০, বিজ্ঞানে ইংরেজি মাধ্যমে ১০০, ব্যবসায় শিক্ষায় ১৭০ এবং মানবিকে ৭০ জন লেখাপড়া করতে পারবে। আবেদনের যোগ্যতা বিজ্ঞানে জিপিএ-৫, বিজ্ঞান-ইংরেজি মাধ্যমে জিপিএ-৪.৮৮, ব্যবসায় শিক্ষায় জিপিএ-৩.৫০ এবং মানবিকে জিপিএ-২.৭৫।